



# বাংলাদেশি মুদ্রা



প্রাক-অনুশীলন

বন্ধুরা! এসো আমরা প্রথমেই এ অধ্যায়ের অনুশীলনে সহায়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলিতে মনোযোগ দিই যা প্রস্তুতিকে আরও সহজ করবে।

✓ এ অধ্যায় পাঠ শেষে শিক্ষার্থীরা যা জানতে পারবে

- বাংলাদেশি মুদ্রা এবং ১০০ টাকা পর্যন্ত প্রচলিত নোট চেনা
- দৈনন্দিন লেনদেনে মুদ্রা ও টাকা ব্যবহার করা

প্রিয় বন্ধুরা! এবার আমরা পাঠ্যবইয়ের অসমাপ্ত গাণিতিক সমস্যাবলির সমাধান আয়ত্ত করব।







অনুশীলন

পাঠ্যবইয়ের অসমাপ্ত গাণিতিক সমস্যাবলির সমাধান



দাগ টেনে মিল করি

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৭]

২ টাকা	
৫ টাকা	
১০০ টাকা	
২০ টাকা	
১০ টাকা	
৫০ টাকা	

যদি রেজার নিচের নোটগুলো থাকে, তবে তার কাছে কত টাকা আছে?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৮]



সমাধান : রেজার কাছে একটি ৫০ টাকা ও একটি ৫ টাকার নোট আছে। তাহলে রেজার কাছে মোট ৫৫ টাকা আছে।

$$৫০ + ৫ = ৫৫$$

বস্তুর দাম কত?

[পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৮]



৬০ টাকা



৩০ টাকা

১টি খেলনার দাম ৬০ টাকা। তুমি কোন কোন মুদ্রা ব্যবহার করে খেলনাটি কিনবে? [পাঠ্যবইয়ের পৃষ্ঠা নং ১০৮]



সমাধান : ১টি খেলনার দাম ৬০ টাকা হলে, আমি ৫০ টাকার ১টি নোট ও ১০ টাকার ১টি নোট ব্যবহার করে খেলনাটি কিনব।

$$৫০ + ১০ = ৬০$$